গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ

এবং

সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

বাংলাদেশ পুলিশের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

উপক্রমণিকা.. ৪

সেকশন ১ : বাংলাদেশ পুলিশ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি........ ৫

সেকশন ২ : বাংলাদেশ পুলিশ এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)............................. ৬

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ....................................... ৭-১১

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms).. ১২

সংযোজনী ২ : বাংলাদেশ পুলিশ এর কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি......... ১৩

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ ১৪

বাংলাদেশ পুলিশের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
Overview of the Performance of Bangladesh Police

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ

দেশের অভ্যন্তরীণ শান্তি শৃঙ্খলা রক্ষা ও জন-মানুষের নিরাপত্তা নিশ্চিত করে দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাকে সমুন্নত রাখতে বাংলাদেশ পুলিশ জনমুখী পুলিশি কার্যক্রম পরিচালনা করছে। জনগণের জীবন ও সম্পদের নিরাপত্তা বিধান, দেশের আইন-শৃঙ্খলা রক্ষা এবং অপরাধ দমন ও নিয়ন্ত্রণকল্পে বাংলাদেশ পুলিশ কাজ করে থাকে। বাংলাদেশ পুলিশ নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কার্যকরীভাবে দায়িত্ব পালনের কারণে ১০ম জাতীয় সংসদের একাধিক আসনের উপ-নির্বাচন, বাংলাদেশের সকল সিটি কর্পোরেশন নির্বাচন, পরবর্তীতের একাধিক পর্যায়ে ৪র্থ উপজেলা পরিষদ নির্বাচন ও সাম্প্রতিক (২০১৬ সালে) ০৬টি ধাপে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া মানবতাবিরোধী যুদ্ধাপরাধীদের বিচার ও রায় কার্যকরের আগে ও পরে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা সম্ভব হয়েছে। গোয়েন্দা নজরদারি বৃদ্ধি ও পুলিশি নিরাপত্তামূলক ব্যবস্থা জোরদার করার মাধ্যমে বিশৃঙ্খল, ধ্বংসাত্মক, নাশকতামূলক ও বিচ্ছিন্নভাবে ঘটা অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধ করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

সাম্প্রতিক বছরগুলোতে অস্থিতিশীল রাজনৈতিক কর্মসূচী, সন্ত্রাস দমন এবং দেশে নতুন নতুন জঙ্গি সংগঠনের তথ্য উদঘাটন ও জঙ্গিবিরোধী অভিযানের মাধ্যমে একের পর এক দেশব্যাপী জঙ্গি আস্তানা নিশ্চিহ্ন করা, অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য উদ্ধারসহ জঙ্গি সদস্যদের আইনী ব্যবস্থার মুখোমুখি করে বাংলাদেশ পুলিশ সাফল্যের ধারাবাহিকতা রক্ষা করে চলেছে। জঙ্গিবাদ দমনে কাউন্টার টেররিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (CTTC) ইউনিট গঠন, SWAT এর আধুনিকায়ন, সাইবার অপরাধ, অর্থনৈতিক অপরাধ ও মানব পাচারসহ অন্যান্য আন্তঃদেশীয় অপরাধ দমনে কার্যকর ও সমন্বিত পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। যুগোপযোগী পুলিশি সেবার নিশ্চিয়তা বিধানকল্পে বাংলাদেশ পুলিশের কৌশলগত পরিকল্পনা ২০১৮-২০২১ প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। সামগ্রিক পুলিশি কার্যক্রমে জেন্ডার সংবেদনশীলতার প্রসারের লক্ষ্যে ২০১৬ সালে জেন্ডার গাইড লাইন সম্পর্কিত একটি SOP প্রবর্তন করা হয়েছে যা পুলিশের প্রতিটি ইউনিটে প্রতিপালিত হচ্ছে। সম্প্রতি ঢাকায় দক্ষিণ এশিয়া ও পার্শ্ববর্তী ১৪টি দেশসহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণে বাংলাদেশ ও ইন্টারপোলের যৌথ উদ্যোগে জঙ্গিবাদ ও আন্তঃদেশীয় অপরাধ বিষয়ক Chiefs of Police Conference-2017 সফলভাবে অনুষ্ঠিত হয়েছে এবং অংশগ্রহণকারী দেশ ও আন্তর্জাতিক সংস্থার মধ্যে "Dhaka Declaration" স্বাক্ষরিত হয়েছে।

পুলিশি কার্যক্রমে জনগণের সক্রিয় অংশগ্রহণসহ পুলিশি সেবাকে অধিকতর গণসম্পৃক্ত করার লক্ষ্যে কমিউনিটি পুলিশিং এর প্রসারের জন্য বিশেষ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। মাদক ব্যবসা, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক অপরাধের বিরুদ্ধে প্রতিরোধ গড়ার লক্ষ্যে কমিউনিটি পুলিশিং কৌশল প্রয়োগের দ্বারা গণসচেতনতা সৃষ্টির কার্যক্রমে গতিশীলতা আনা হচ্ছে। সেবাধর্মী মনোভাব, পেশাদারিত্ব ও সাহসিকতার দ্বারা বাংলাদেশ পুলিশ জাতিসংঘ শান্তিরক্ষা মিশন কার্যক্রমে অংশগ্রহণ করে বিশ্ব শান্তির দূত হিসেবে বিশেষ অবদান রাখতে সক্ষম হচ্ছে। বিশ্বের বিভিন্ন দেশে শান্তিরক্ষা মিশনে নিয়োজিত হয়ে নেতৃত্বের ধারণা দৃঢ় করা, জেন্ডার সংবেদনশীলতার উন্নয়নসহ নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশ পুলিশের নারী সদস্যগণ অনবদ্য ভূমিকা রাখছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ

বাংলাদেশ পুলিশের সমস্যা ও চ্যালেঞ্জসমূহের মধ্যে দেশের অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, বাংলাদেশ পুলিশের সেবা প্রদান ব্যবস্থাপনার উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সংঘটিত সাইবার অপরাধ দমন, আন্তঃদেশীয় অপরাধ দমন, কমিউনিটি পুলিশিং কার্যক্রম জোরদার, জঙ্গি বিরোধী অভিযান জোরদার এবং ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানসহ নাগরিকদের মাঝে জঙ্গি কার্যক্রমের বিরুদ্ধে সচেতনতামূলক কার্যক্রমের প্রসার অন্যতম। জনগণকে কাঙ্খিত সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ পুলিশের বড় সমস্যা হলো অপর্যাপ্ত জনবল ও লজিস্টিকস্ সাপোর্ট।

ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

- বাংলাদেশের জনসংখ্যা ও পুলিশের অনুপাত অন্যূন ৫০০ঃ১ এ নামিয়ে জনগণের দ্বারপ্রান্তে পুলিশের সেবা পৌছে দেয়া।
- রংপুর, গাজীপুর, নারায়নগঞ্জ ও কুমিল্লা মেট্রোপলিটন পুলিশ ইউনিট এবং পুলিশ এভিয়েশন ইউনিট গঠন করা ।
- জবানবন্দিভিত্তিক তদন্তের উপর নির্ভরশীলতা কমিয়ে বিজ্ঞানভিত্তিক তদন্তের মাধ্যমে অপরাধ উদঘাটন করা। NID এর তথ্য ভান্ডার ব্যবহার করে অপরাধী সনাক্ত করা ও অপরাধ ভীতি হ্রাসকল্পে জনগণের আত্মবিশ্বাস বৃদ্ধি করা।

২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- বাংলাদেশ পুলিশের সাংগঠনিক কাঠামোতে জনবল বৃদ্ধি এবং যুগোপযোগী ও প্রয়োজনভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে পুলিশের দক্ষতা বৃদ্ধি।
- আধুনিক তথ্য প্রযুক্তি সরঞ্জাম সংযোজনের ফলে বিজ্ঞানভিত্তিক ও প্রযুক্তি নির্ভর তদন্ত কার্যক্রমের সম্প্রসারণ।
- সড়ক দুর্ঘটনা রোধে সড়ক ও মহাসড়কে সংঘটিত অপরাধসহ মাদক সংক্রান্ত অপরাধ কমিয়ে আনার লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ

এবং

সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশন-১

বাংলাদেশ পুলিশ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি (Functions) ঃ

১.১ রূপকল্প (Vision) ঃ

বিশ্বাস ও আস্থাভাজন, যোগ্য, দক্ষ, নিবেদিত ও পেশাদার পুলিশ সদস্যগণ কর্তৃক মানসম্মত সেবা প্রদানের মাধ্যমে বাসযোগ্য, নিরাপদ ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন করা।

১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

জনগোষ্ঠীর সক্রিয় সহযোগিতায় বাংলাদেশ পুলিশ আইন প্রয়োগ, সামাজিক শৃঙ্খলা রক্ষা, অপরাধ ভীতি হ্রাস, জন-নিরাপত্তা বৃদ্ধি এবং অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিতকরণে অঙ্গীকারাবদ্ধ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

১.৩.১ বাংলাদেশ পুলিশের কৌশলগত উদ্দেশ্য ঃ

(ক) টেকসই উন্নয়নের লক্ষ্যে দেশের শান্তি, নিরাপত্তা ও আইনের শাসন জোরদারকরণ।
(খ) আইন-শৃঙ্খলা রক্ষা ও জঙ্গিবাদ রোধে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ।
(গ) বিজ্ঞান ভিত্তিক তদন্ত ব্যবস্থাপনা।
(ঘ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনগণের সেবা সহজীকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ

(ক) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
(খ) উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
(গ) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
(ঘ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
(ঙ) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions) ঃ

(১) অপরাধ তদন্ত কার্যক্রম, অপরাধী সনাক্তকরণ, গ্রেফতারী পরোয়ানা তামিল, সমন জারি ও সাক্ষী হাজিরকরণসহ মামলা নিষ্পত্তিতে আদালতে রাষ্ট্রপক্ষকে সহায়তা প্রদান।
(২) গোয়েন্দা কার্যক্রম, ভিভিআইপি/ভিআইপিগণের নিরাপত্তা, গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তাসহ জাতীয় ও ধর্মীয় সকল অনুষ্ঠানের নিরাপত্তা প্রদান।
(৩) জন-শৃঙ্খলা ও ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা।
(৪) কমিউনিটি পুলিশিং কার্যক্রম, ওপেন হাউজ ডে এবং অপরাধ বিরোধী জনসংযোগ সভার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা।
(৫) সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ ও আন্তঃদেশীয় অপরাধ প্রতিরোধে কার্যকরী ভূমিকা পালন ও সামাজিক সচেতনতা বৃদ্ধিকরণ।
(৬) মাদক মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাদক বিরোধী কার্যক্রম পরিচালনা এবং মাদকের অপব্যবহার ন্যূনতম পর্যায়ে নিয়ে আসা।
(৭) তথ্য প্রযুক্তি ভিত্তিক পুলিশ সার্ভিস গড়ে তোলার লক্ষ্যে সকল স্তরে ডিজিটালাইজেশন।
(৮) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ভূমিকা পালন এবং ইন্টারপোল এর মাধ্যমে অপরাধীদের আইনের আওতায় আনতে সহায়তাকরণ।
(৯) ভিকটিম সাপোর্ট সেন্টার ও উইমেন হেল্প ডেস্ক এর মাধ্যমে নারী ও শিশুদের সেবা প্রদান।
(১০) দুর্ঘটনায় দ্রুত সাড়া প্রদান ও প্রাকৃতিক ও মানবিক বিপর্যয়ে বিপর্যস্ত মানুষের পাশে দাঁড়ানো।

সেকশন-২
বাংলাদেশ পুলিশের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০১৫-২০১৬	২০১৬-২০১৭*		২০১৮-২০১৯	২০১৯-২০২০		
অপরাধ ব্যবস্থাপনা কার্যক্রমের হার বৃদ্ধি	অপরাধ প্রবণতা হ্রাসের হার	%	৬০%	৬৩%	৬৩.৫%	৬৩.৫%	৬৪%	বিজিবি, বাংলাদেশ কোস্ট গার্ড, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, স্বাস্থ্য মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন
জন-শৃঙ্খলা ব্যবস্থাপনা কার্যক্রমের হার বৃদ্ধি	জন-শৃঙ্খলা ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম জোরদারকরণের হার	%	৬০%	৬৫%	৬৮%	৬৮%	৭০%	বিজিবি, বাংলাদেশ কোস্ট গার্ড, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন
ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা কার্যক্রমের হার বৃদ্ধি	উন্নত সড়ক ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণের হার	%	৬০%	৬৫%	৭০%	৭৫%	৮০%	যোগাযোগ মন্ত্রণালয়, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন, রাজউক, স্থানীয় সরকার মন্ত্রণালয়	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন
কমিউনিটি পুলিশিং কার্যক্রমের হার বৃদ্ধি	কমিউনিটি পুলিশিং এর হার	%	৬০%	৬৫%	৭০%	৭৫%	৮০%	স্থানীয় সরকার মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন
মানব সম্পদ উন্নয়ন কার্যক্রমের হার বৃদ্ধি	মানব সম্পদ উন্নয়নের হার	%	৬০%	৬২%	৬৫%	৬৭%	৭০%	জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন
সাংগঠনিক কাঠামোগত ব্যবস্থাপনা কার্যক্রমের হার বৃদ্ধি	সাংগঠনিক কাঠামোগত ব্যবস্থাপনার হার	%	৬০%	৬৪%	৬৫%	৬৭%	৭০%	জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগীয় মন্ত্রণালয়	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যক্রমের হার বৃদ্ধি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তির হার	%	৬০%	৬৫%	৬৮%	৭০%	৭৫%	তথ্য মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন
সেবা প্রদান ব্যবস্থাপনা কার্যক্রমের হার বৃদ্ধি	সেবা প্রদান ব্যবস্থাপনার হার	%	৬০%	৬২%	৬৪%	৬৫%	৬৬%	আইন মন্ত্রণালয়, পূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়	সংশ্লিষ্ট সংস্থার বার্ষিক প্রতিবেদন

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৭-২০১৮ (Target/ Criteria Value for FY 2017-2018)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০
						২০১৫-২০১৬	২০১৬-২০১৭* (০১/০৭/১৬-৩১/০৩/১৭)	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
বাংলাদেশ পুলিশের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
	৮০	১.১ অপরাধ ব্যবস্থাপনা	১.১.১ অপরাধ তদন্ত নিষ্পত্তি	সংখ্যা (হাজার)	৫	১৬৬	১৪০	১৮৫	১৮৩	১৮০	১৭৮	১৭৭	১৮৭	১৮৮
			১.১.২ সনাক্তকৃত অপরাধী		৪	৫০৭	৩৬১	৫০৮	৫০৭.৫	৫০৭	৫০৬.৫	৫০৬	৫০৮.১	৫০৮.২
			১.১.৩ গ্রেফতার কার্যকরণ ও গ্রেফতারী পরোয়ানা তামিল		৪	৮৩৭	৭৫৭	৮৪২	৮৪০	৮৩৭	৮৩৫	৮৩৩	৮৪২.৫	৮৪৩
			১.১.৪ সমন জারী ও সাক্ষী হাজির করণ		৩	৯৯৪	৮৭৮	৯৯৬	৯৯৫	৯৯৪	৯৯৩	৯৯২	৯৯৬.৫	৯৯৭
			১.১.৫ এনসিবি (ইন্টারপোল) এর মাধ্যমে গৃহীত কার্যক্রম		২	৬	২	৬.২	৬.১	৬	৫.৫	৫	৬.৩	৬.৪
			১.১.৬ বিজ্ঞান ভিত্তিক তদন্ত ব্যবস্থাপনা		৩	৭	৫	৭.২	৭.১	৭	৬.৫	৬	৭.৩	৭.৪
			১.১.৭ অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার		৪	৫	২	৫.০২	৫.০১	৫	৪.৫	৪	৫.০৩	৫.০৪
			১.১.৮ উদ্ধারকৃত মাদকদ্রব্যের মূল্য (টাকায়)		৫	৬১০৫২৬৮	৩৬০২১৫৫	৬৫০০০০০	৬২৫০০০০	৬১০৫২৬৮	৫৭৫০০০০	৫৫০০০০০	৬৭৫০০০০	৭০০০০০০
		১.২ জন-শৃঙ্খলা ব্যবস্থাপনা	১.২.১ জন-শৃঙ্খলা ব্যবস্থাপনায় গৃহীত পদক্ষেপ		৮	১০৮৮৭৫	২২৪০৩১	১০৯২০০	১০৯১০০	১০৮৮৭৫	১০৮৬০০	১০৮৪০০	১০৯৩০০	১০৯৪০০
		১.৩ ট্রাফিক	১.৩.১ ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণে গৃহীত কার্যক্রম		৫	১১৯৮	৯৫৫	১২১৫	১২১০	১১৯৮	১১৮০	১১৭০	১২২০	১২২৫

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৭-২০১৮ (Target/ Criteria Value for FY 2017-2018)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০
						২০১৫-২০১৬	২০১৬-২০১৭* (০১/০৭/১৬-৩১/০৩/১৭)	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
বাংলাদেশ পুলিশের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
		নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা	১.৩.২ সড়ক ও মহাসড়কে চলাচলকারী যানবাহনের নিরাপত্তায় গৃহীত কার্যক্রম		৫	২২১৯৫	৩৩০৬০	২২৩৫০	২২৩০০	২২১৯৫	২২২৬২	২২১৯৫	২২৪০০	২২৪৫০
		১.৪ কমিউনিটি পুলিশিং	১.৪.১ কমিউনিটি পুলিশের কার্যক্রম	সংখ্যা (হাজার)	৮	২০৩	১৯৫	২০৫	২০৪	২০৩	২০১	২০০	২০৬	২০৭
		১.৫ মানব সম্পদ উন্নয়ন	১.৫.১ মানব সম্পদ উন্নয়নে গৃহীত প্রশিক্ষণ		৬	৯৩	৯০২	৯৩.৭৫	৯৩.৫	৯৩	৯২.৫	৯২	৯৪	৯৪.৫
		১.৬ সাংগঠনিক কাঠামোগত ব্যবস্থাপনা	১.৬.১ সাংগঠনিক কাঠামোগত ব্যবস্থাপনায় গৃহীত কার্যক্রম		৩	২৩	৩৮	২৩.১৫	২৩.১	২৩	২২.৫	২২	২৩.২০	২৩.২৫
		১.৭ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১.৭.১ তথ্য ও প্রযুক্তি ভিত্তিক গৃহীত কার্যক্রম		৫	১১৯৯৬	৮৪৯৪	১২০০৫	১২০০০	১১৯৯৬	১১৭৮০	১১৬৫০	১২০১০	১২০১৫
		১.৮ সেবা প্রদান ব্যবস্থাপনা	১.৮.১ সেবা (প্রাক পরিচিতি, জাতিসংঘ মিশন, ইমিগ্রেশন) প্রদানে ব্যয়িত সময়		৫	১৯	১০৯৫	১৯.১৫	১৯.১	১৯	১৮.৫	১৮	১৯.২	১৯.২৫
			১.৮.২ সেবা গ্রহীতার (নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল, উইমেন্স সাপোর্ট সেন্টার, বিদেশী নাগরিক) সংখ্যা		৫	৫৯৭	৫৬	৫৯৯	৫৯৮	৫৯৭	৫৯৬	৫৯৫	৫৯৯	৬০০

সেকশন-৩

দপ্তর/সংস্থার আবাসিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(মোট মান-২০)

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্য মাত্রার মান ২০১৬-২০১৭				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৬	২০১৬-১৭ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময় সীমার খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৯ মে	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে
		মাঠ পর্যায়ে কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	২৬-৩০ জুন	-	-	-	-
		২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	১৪ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই
		২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	২২ জানুয়ারি	২৩ জানুয়ারি	২৪ জানুয়ারি	২৫ জানুয়ারি	২৬ জানুয়ারি
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান	বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১	৩	২	১	-	-
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়*	জনঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রনীত ও দাখিলকৃত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমা মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-
		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত	তারিখ	১	৩১ অক্টোবর	৩০ নভেম্বর	৩১ডিসেম্বর	-	-
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
			দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	৫০

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্য মাত্রার মান ২০১৬-২০১৭				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণে ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, এ কে এম শহীদুল হক, বিপিএম, পিপিএম, ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ড. কামাল উদ্দিন আহ্‌মেদ, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত ঃ

....
(এ কে এম শহীদুল হক, বিপিএম, পিপিএম)
ইন্সপেক্টর জেনারেল
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

....
তারিখ

....
(ড. কামাল উদ্দিন আহ্‌মেদ)
সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

....
তারিখ

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নং	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	CDMS	Crime Data Management System
২	NID	National Identity Card
৩	CTTC	Counter Terrorism and Transnational Crime
৪	SOP	Standard Operating Procedure
৫	SWAT	Special Weapons And Tactics

সংযোজনী-২ ঃ বাংলাদেশ পুলিশ এর কর্মসম্পাদন সূচক এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ :

ক্রঃনং	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১.	১.১.১ অপরাধ তদন্ত নিষ্পত্তি	পুলিশ প্রতিবেদনের যোগফল	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
২.	১.১.২ সনাক্তকৃত অপরাধী	অভিযোগপত্রভুক্ত আসামীর সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
৩.	১.১.৩ গ্রেফতার কার্যকরণ ও গ্রেফতারী পরোয়ানা তামিল	তামিলকৃত গ্রেফতারী পরোয়ানাসহ অন্যান্য গ্রেফতারের সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
৪.	১.১.৪ সমন জারী ও সাক্ষী হাজির করণ	জারীকৃত সমনসহ হাজিরকৃত সাক্ষীর সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
৫.	১.১.৫ এনসিবি (ইন্টারপোল) এর মাধ্যমে গৃহীত কার্যক্রম	এনসিবি'র পত্র যোগাযোগের সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
৬.	১.১.৬ বিজ্ঞান ভিত্তিক তদন্ত ব্যবস্থাপনা	ফরেনসিক সাইন্স ও সাইবার ক্রাইম সংক্রান্ত প্রতিবেদনের সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
৭.	১.১.৭ অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধারে গৃহীত কার্যক্রম	উদ্ধারকৃত অবৈধ আগ্নেয়াস্ত্রের সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
৮.	১.১.৮ উদ্ধারকৃত মাদকদ্রব্যের মূল্য	উদ্ধারকৃত মাদকদ্রব্যের বাজার মূল্য (টাকায়)	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
৯.	১.২.১ জন-শৃঙ্খলা ব্যবস্থাপনায় গৃহীত পদক্ষেপ	জন-শৃঙ্খলা নিশ্চতকরণে পুলিশের বিভিন্ন কার্যক্রম	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১০.	১.৩.১ ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণে গৃহীত কার্যক্রম	সড়ক দুর্ঘটনার মামলা ও সড়ক ব্যবস্থাপনার প্রসিকিউশনের সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১১.	১.৩.২ সড়ক ও মহাসড়কে চলাচলকারী যানবাহনের নিরাপত্তায় গৃহীত কার্যক্রম	সড়ক ও মহাসড়কে যানবাহন নিরাপত্তায় পুলিশি কার্যক্রম	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১২.	১.৪.১ কমিউনিটি পুলিশের কার্যক্রম	কমিউনিটি পুলিশিং এর বিভিন্ন কার্যক্রম	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১৩.	১.৫.১ মানব সম্পদ উন্নয়নে গৃহীত প্রশিক্ষণ	মানব সম্পদ উন্নয়নকল্পে প্রশিক্ষণে ব্যয়িত সময়	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১৪.	১.৬.১ সাংগঠনিক কাঠামোগত ব্যবস্থাপনায় গৃহীত কার্যক্রম	নিয়োগকৃত জনবল ও নবসৃজিত পদের সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১৫.	১.৭.১ তথ্য ও প্রযুক্তি ভিত্তিক গৃহীত কার্যক্রম	তথ্য প্রযুক্তি ব্যবহার করে সেবা গৃহীতার সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১৬.	১.৮.১ সেবা প্রদানে ব্যয়িত সময়	পুলিশ ভেরিফিকেশন, ইমিগ্রেশন সেবা ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের কার্যক্রমে ব্যয়িত সময়	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	
১৭.	১.৮.২ সেবা গ্রহীতার সংখ্যা	প্রবাসী, নারী ও শিশু ভিকটিম সেবা গ্রহীতার সংখ্যা	বাংলাদেশ পুলিশ	বাংলাদেশ পুলিশের বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী-৩ঃ অন্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর)	মেডিকেল রিপোর্ট/পোস্ট মর্টেম রিপোর্ট	যথাসময়ে মেডিকেল রিপোর্ট প্রদান	মামলার ঘটনায় বিশেষজ্ঞ মতামত বিজ্ঞ আদালতে উপস্থাপন করা ও মামলার গতি প্রকৃতি নির্ধারণে ভূমিকা রাখা	৯০%	প্রকৃত ঘটনা উদঘাটন না হওয়া ও দোষী ব্যক্তি বিচারের সম্মুখীন না হওয়া
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	পিপি ও এপিপি কর্তৃক মামলা পরিচালনা	রাষ্ট্রপক্ষের মামলা পরিচালনা	রাষ্ট্রপক্ষের মামলা পরিচালনায় আইনী পরামর্শ প্রদান	৯০%	মামলা পরিচালনায় বিঘ্ন ঘটবে ও মামলা নিষ্পত্তি হবে না
যোগাযোগ মন্ত্রণালয়	যোগাযোগ মন্ত্রণালয় (বিআরটিএ)	দুর্ঘটনা কবলিত গাড়ির ফিটনেস সংক্রান্ত তথ্য প্রদান	দুর্ঘটনায় জড়িত গাড়ির যান্ত্রিক ত্রুটি যাচাইকরণ	সড়ক দুর্ঘটনা মামলা তদন্তে বিশেষজ্ঞ মতামত	৯০%	সড়ক দুর্ঘটনায় মামলার ন্যায় বিচার বিঘ্নিত হবে
তথ্য ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়	তথ্য ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়	বিজ্ঞান ভিত্তিক তদন্ত ব্যবস্থাপনা ও ইমিগ্রেশন সেবা	তথ্য ও প্রযুক্তি বিষয়ক যন্ত্রপাতি ক্রমের নিমিত্তে বিশেষজ্ঞ মতামত	তদন্ত কার্যক্রমে বিজ্ঞান ভিত্তিক বিশেষজ্ঞ মতামত	৯০%	বিজ্ঞান ভিত্তিক বিচার প্রক্রিয়া ব্যাহত হবে।